গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
lddp@dls.gov.bd

LDDP

স্মারক নং ঃ -৩৩.০১.০০০০.৮২৮.২৬.০১১.২২- ২৮৪০ তারিখ ঃ ১৯/০৮/২০২৫ খ্রি.

বিষয় ঃ অধিক্ষেত্র ব্যতীত অন্যত্র মোবাইল ভেটেরিনারি ক্লিনিক ব্যবহার না করা প্রসঙ্গে।

সূত্র-১ ঃ মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের পত্র নং-১০৫৩, তারিখ-১৮/০৭/২০২২ খ্রি.
সূত্র-২ ঃ প্রকল্প দপ্তরের পত্র নং-১১৮৬(১), তারিখ-২৯/০৮/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে ৪৭৫টি মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (এমভিসি) এর মাধ্যমে খামারী পর্যায়ে সেবা কার্যক্রম চলমান রয়েছে। গত ১৮/০৭/২০২২ ইং তারিখে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর ১ নং সূত্রোস্থ পত্র মোতাবেক উপজেলা পর্যায়ে এমভিসি বরাদ্দ পত্র প্রদান করা হয় যেখানে মাঠ পর্যায়ে এমভিসি সমূহ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নির্দেশনাসমূহ প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত)। এছাড়াও প্রকল্প দপ্তর হতে গত ২৯/০৮/২০২২ ইং তারিখে ২ নং সূত্রোস্থ পত্র মোতাবেক অধিক্ষেত্র ব্যতীত এমভিসি সমূহ ব্যবহার না করার জন্য সংশ্লিষ্ট সকল ইউএলও কে অনুরোধ করা হয়েছিল (কপি সংযুক্ত)। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং প্রকল্প দপ্তরের নির্দেশনার পরও বিভিন্ন পত্র পত্রিকায় অধিক্ষেত্র ব্যতীত এমভিসি সমূহ ব্যবহার সংক্রান্ত অভিযোগ পাওয়া যাচ্ছে যা প্রাণিসম্পদ অধিদপ্তর ও প্রকল্প দপ্তরের দৃষ্টিগোচর হয়েছে। উল্লেখ্য মাঠ পর্যায়ে ব্যবহৃত সকল এমভিসি সমূহে জিপিএস ট্রাকার লাগানো হয়েছে যার মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর এবং প্রকল্প দপ্তর হতে সার্বক্ষণিক মনিটরিং করা হয় এবং ইতোমধ্যে প্রকল্প দপ্তর হতে পত্র মারফত সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জিপিএস ট্রাকারের ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় উপজেলা পর্যায়ে ব্যবহৃত সকল মোবাইল ভেটেরিনারি ক্লিনিকসমূহ নিজ অধিক্ষেত্র এবং ক্লিনিক্যাল রোগ প্রতিরোধ ও দাপ্তরিক কাজ ব্যতীত অন্যত্র ব্যবহার না করার জন্য পুনরায় অনুরোধ করা হ'ল। আরও উল্লেখ থাকে যে, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নামে বরাদ্দকৃত মোবাইল ভেটেরিনারি ক্লিনিকসমূহের সার্বিক তত্ত্বাবধানসহ সকল দায়িত্ব সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার। তাই এ সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অবহেলা বা মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনার ব্যত্যয়ের ফলে সরবরাহকৃত মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের কোন ক্ষতিসাধিত হলে তাঁর দায়ভার সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপর বর্তাবে।

বিষয়টি অতীব জরুরী।
সংযুক্তি- বর্ণনা মোতাবেক।

১৯/০৮/২৫

(ডাঃ মোঃ জসিম উদ্দিন)
প্রকল্প পরিচালক (অতি:দায়িত্ব)
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
ফোন- ০২-৫৮১৫৪৯১৩
ই-মেইলঃ lddp@dls.gov.bd

প্রাপক
১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রকল্প এলাকাভুক্ত সকল)।
২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, এফডিআইএল,
(ঢাকা/বরিশাল/যশোর/সিরাজগঞ্জ)
৩। পরিচালক, সিভিএইচ, ঢাকা।
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাঙামাটি/বান্দরবান/ খাগড়াছড়ি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক (এলআরআই), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয় (সকল)।
৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।
৭। মনিটরিং কর্মকর্তা (সকল)।
৮। অফিস কপি।
F:\welcome File\Salam Multiple Letter\Dipto Sir\Current Letter-24.docx

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

সংযুক্তি - ১

স্মারক নং ঃ ৩৩.০১.০০০০.৮২৮.০৭.১৩৮.২০. ১০৫৩(১-৭০) তারিখঃ ২৮/০৭/২০২২ খ্রি.

বিষয় ঃ মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (MVC) বরাদ্দ পত্র।

উপর্যুক্ত বিষয়ের আলোকে প্রাণিরোগ চিকিৎসা, প্রতিরোধ ও সার্ভিলেন্স কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি ও প্রাণিসেবা জনগণের দোরগোড়ায় নিয়ে যাওয়ার লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের (LDDP) আওতায় বর্ণিত মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (MVC)-টি আপনার দপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো এবং এতদসাথে প্রকল্প পরিচালকের দপ্তর থেকে মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের সরবরাহ গ্রহণের অনুরোধ করা হলো।

রেজিস্ট্রেশন নম্বর	ইঞ্জিন নং	চেসিস নং
DM-THA-13-7655	4D56 UBP1246	MMBJNKL30NH040540

মোবাইল ভেটেরিনারি ক্লিনিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নির্দেশনা ঃ

(ক) রোগের গুরুত্ব বিবেচনায় খামারী পর্যায়ে ভেটেরিনারি সেবা প্রদানে ব্যবহৃত হবে;
(খ) ক্লিনিক্যাল, রোগ প্রতিরোধ ও সার্ভেরিন্স প্রয়োজনে ব্যবহৃত হবে;
(গ) প্রকল্প মেয়াদকালীন সময়ে জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ব্যয় প্রকল্প থেকে নির্বাহ হবে;
(ঘ) দপ্তর প্রধান ক্লিনিকটির সংরক্ষণ ও নিরাপত্তা বিধানসহ প্রয়োজনীয় দলিলাদির নবায়ন নিশ্চিত করবেন;
(ঙ) ব্যবহার ও জ্বালানী সংক্রান্ত তথ্যাদি লগবহিতে লিপিবদ্ধ করবেন।

২৮/৭/২২
(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর

প্রাপক ঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উপজেলা ঃ সদর, জেলা ঃ জয়পুরহাট

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
২। পরিচালক প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
৩। পরিচালক সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা ঃ জয়পুরহাট (ক্লিনিকটির যথাযথ ব্যবহার পরিবীক্ষণের অনুরোধ করা হলো)
৬। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.১৪.৮৭০.১৯- ১৫৫১

তারিখ ঃ- ২৮/০৬/২০২২ খ্রিঃ
১৪/০৩/১৪২৯ বঃ

"অফিস আদেশ"

প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় যে সকল উপজেলায় মোবাইল ভেটেরিনারি ক্লিনিক দেয়া হয়েছে সে সকল মোবাইল ভেটেরিনারি ক্লিনিক এ কোন ফ্ল্যাগ স্ট্যান্ড লাগানো যাবে না। অধিক্ষেত্র ও প্রাণি চিকিৎসা কাজ ব্যতিত অন্যত্র মোবাইল ভেটেরিনারি ক্লিনিক ব্যবহার করা যাবে না। বিষয়টি কঠোরভাবে মেনে চলার নির্দেশ প্রদান করা হলো।

৩০/০৬/২০২২

(ডাঃ মোঃ মাহ্‌বুবুল আলম ভূঁঞা)
উপপরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন
পক্ষে-মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-

১. পরিচালক, প্রশাসন/ সম্প্রসারণ/ উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ সিলেট/ রাজশাহী/ খুলনা / বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
৫. পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৭. পরিচালক, কেন্দ্রীয় মুরগী খামার, মিরপুর, ঢাকা।
৮. পরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৯. পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
১০. পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
১১. পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১২. পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৩. চীফ সায়েন্টিফিক অফিসার, ভাইরোলজি/ টক্সিকোলজি এন্ড জুরিসপ্রুডেন্স/ প্যাথলজি/ এক্টোপ্যারাসাইটোলজি/ এন্ডোপ্যারাসাইটোলজি অনুবিভাগ, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৪. পরিচালক, ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট, ময়মনসিংহ/ আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৫. সিনিয়র সায়েন্টিফিক অফিসার, প্রাণিপুষ্টি ও পশুখাদ্য অনুবিভাগ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৬. উপপরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৭. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) ....।
১৮. উপপরিচালক,.......................................।
১৯. প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, ...।
২০. উপপরিচালক (লেজিসলেশন, নিবন্ধন ও সার্টিফিকেশন) শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২১. উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র (সকল), ...।
২২. উপপরিচালক, সরকারী মুরগী প্রজনন ও উন্নয়ন খামার, ...।
২৩. উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য শাখা/ খামার/ মানব সম্পদ উন্নয়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২৪. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ...।
২৫. ম্যানেজার, সরকারী মুরগী প্রজনন ও উন্নয়ন খামার, ...।
২৬. ভেটেরিনারি সার্জন, রংপুর বিনোদন উদ্যান ও চিড়িয়াখানা, রংপুর।
২৭. সহকারী পরিচালক, প্রাণিক্রয় ও উন্নয়ন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২৮. চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২৯. প্রকল্প পরিচালক (সকল) ....।
৩০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৩১. ....।
৩২. অফিস কপি।

সদয় অবগতির জন্য

D:\Jewel Folder\Others Letter.doc

CamScanner

2

সংযুক্তি - ২

lddp.portal.gov.bd

স্মারক নং ৩৩.০১.০০০০.৮২৮.১৮.০০১.১৯ ৯১৮-৮(৭) তারিখঃ ২৯/০৮/২০২২ খ্রি.

বিষয়ঃ অধিক্ষেত্র ব্যতীত অন্যত্র মোবাইল ভেটেরিনারি ক্লিনিক ব্যবহার না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় প্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাণিরোগ চিকিৎসা, রোগ প্রতিরোধ ও সার্ভিলেন কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি ও প্রাণিসেবা জনগণের দোরগোড়ায় নিশ্চিতকরণ করা লক্ষ্যে ৩৬০ টি মোবাইল ভেটেরিনারি ক্লিনিক সরবরাহ করা হয়েছে।

সরবরাহকৃত মোবাইল ভেটোরিনারি ক্লিনিকসমূহ ব্যবহার ও নির্দেশনা সংক্রান্ত বিষয়ে মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত বরাদ্দ পত্রে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত- ১)। এছাড়াও মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক গত ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে অফিস আদেশ প্রদান করা হয়। যেখানে অধিক্ষেত্র ও প্রাণি চিকিৎসা কাজ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে মোবাইল ভেটেরিনারি ক্লিনিক ব্যবহার না করার জন্য নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত-২)।

এমতবস্থায় উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত এ সকল মোবাইল ভেটেরিনারি সমূহ ব্যবহারের ক্ষেত্রে নিজ অধিক্ষেত্র এবং ক্লিনিক্যাল, রোগ প্রতিরোধ ও দাপ্তরিক কাজ ব্যতীত মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক জারিকৃত নির্দেশনা পালন আব্যশকীয়। এখানে উল্লেখ থাকে যে, এ সকল মোবাইল ভেটোরিনারি ক্লিনিকসমূহের জ্বালানি, মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় সংক্রান্ত সকল অর্থ প্রকল্প দপ্তর হতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রকল্পভূক্ত ব্যাংক একাউন্টে প্রেরণ করা হয়।

এমতাবস্থায় সার্বিক অবস্থা পর্যালোচন্তে দেখা যায় যে, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নামে বরাদ্দ মোবাইল ভেটোরিনারি ক্লিনিকসমূহের সার্বিক তত্ত্বাবধনসহ সকল দায়িত্ব সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার। তাই এ সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অবহেলা বা মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনার ব্যর্তয়ের ফলে সরবরাহকৃত মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের কোন ক্ষতিসাধিত হলে তাঁর দায়ভার সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপর বর্ত্যাবে।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি- বর্ণনা মোতাবেক।

প্রাপক

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রকল্প এলাকাভূক্ত সকল)

২৯/০৮/২০২২

(মোঃ আব্দুর রহিম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন নংঃ ০২-৫৮১৫৪৯১৩
ইমেইল- lddp@dls.gov.bd

তারিখঃ ২৯/০৮/২০২২ খ্রি.

স্মারক নংঃ ৩৩.০১.০০০০.৮২৮.১৮.০০১.১৯. ৯১৮-৮(৭)

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক বিভাগীয় প্রাণিস্পদ দপ্তর, ঢাকা/চট্রগ্রাম/সিলেট/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট)- মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী মোবাইল ভেটেরিনারি ক্লিনিক এর যথাযথ ব্যবহার পরিবীক্ষণের অনুরোধ করা হল।
৬। মনিটরিং অফিসার (সংশ্লিষ্ট)।
৭। অফিস কপি।

২৯/০৮/২০২২

(মোঃ আব্দুর রহিম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

CamScanner

CamScanner

"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

সংযুক্তি - ৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর,
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.lddp.portal.gov.bd

স্মারক নংঃ ৩৩.০১.০০০০.৮২৮.৯৯.০৭১.২৩. ২৫৮৪ তারিখঃ০৬/০৮/২০২৫খ্রিঃ

প্রাপক : মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা-১২১৫।

দৃষ্টি আকর্ষণ: মোঃ শামীম হোসেন, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা-১২১৫

বিষয় : উপজেলা পর্যায়ে সরবরাহকৃত মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (এমভিসি) এর GPS Tracker, User ID & Password বিতরণ প্রসঙ্গে।

সূত্র : প্রকল্প দপ্তরের পত্র নং:- ৩৩.০১.০০০০.৮২৮.৯৯.০৭১.২৩.৩৫২৮;তারিখ: ০৫/০৯/২০২৩ ইং মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্প দপ্তর হতে গত ০৫/০৯/২০২৩ইং তারিখে মাঠ পর্যায়ে চলমান ১ম পর্যায়ে ৩৫৭টি মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের (এমভিসি) GPS Tracker সংক্রান্ত বিভাগ ওয়ারী এবং গাড়ী অনুযায়ী User ID & Password সংশ্লিষ্ট বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তরে সরবরাহ করা হয়েছিল (কপি সংযুক্ত)। ২য় পর্যায়ে প্রকল্পের আওতায় আরো ১১৫টি MVC এ GPS Tracker সংযোজন করা হয়েছে। যা গত ১৭/০৩/২০২৫ইং তারিখে উপজেলা সমূহে বিতরণ করা হয়। গ্রামীণ ফোন কর্তৃপক্ষ হতে ২য় পর্যায়ে সরবরাহকৃত ১১৫টি গাড়ী সমূহের User ID & Password এর তথ্য সমূহ সংযুক্ত আকারে প্রদান করা হ'ল। উল্লেখ্য যে, নতুন ১১৫টি সংযুক্ত GPS Tracker এর মাধ্যমে GP কর্তৃপক্ষ হতে প্রাণিসম্পদ অধিদপ্তরের Corporate SIM এর সহিত সংযুক্ত করা হয়েছে। সে মোতাবেক System এ Login করার পর User ID & Password প্রদান করা হলে OTP (One Time Password) প্রদান স্বাপেক্ষে GPS Tracker এ প্রবেশ করা যাবে। একই ভাবে পুরাতন ৩৫৭টি MVC'র জন্য GPS Tracker এর সহিত সংশ্লিষ্ট ULO গনের Corporate SIM এর মাধ্যমে নিয়ন্ত্রন কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য মাঠ পর্যায়ে সকল MVC সমূহের জন্য জেলা প্রাণিসম্পদ কর্মকর্তারদের Corporate SIM এর সংযোজন কার্যক্রম বাস্তবায়নাধীন এবং পরবর্তীতে GP কর্তৃক User ID & Password প্রদান করা হলে পত্র দ্বারা সকলকে অবহিত করা হবে।

এমতাবস্থায়, মাঠ পর্যায়ে চলামন ৪৭১টি গাড়ীর GPS Tracker এর হালনাগাদ তথ্যাদি বিভাগ ওয়ারী সংশ্লিষ্ট পরিচালক, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং আইসিটি শাখা প্রাণিসম্পদ অধিদপ্তর এর মাধ্যমে পর্যবেক্ষণের অনুরোধ করা হ'ল। একই সাথে মাঠ পর্যায়ে শুধুমাত্র VTS সংক্রান্ত জরুরী যোগাযোগের জন্য গ্রামীণ ফোন কর্তৃপক্ষের পক্ষে Sanjoy Bhadra, Head of Govt & Strategic Ministries, Government & Strategic Business, Business Division. Mobile: 01711090068 এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(ডাঃ মো. জসিম উদ্দিন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
ফোন- ০২-৫৮১৫৪৯১৩
ই-মেইলঃ lddp@dls.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল।
১। মনিটরিং কর্মকর্তা--------(দায়িত্ব প্রাপ্ত)---সংশ্লিষ্ট উপজেলা ও জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণকে GPS Tracker এর User ID & Password সরবরাহের নির্দেশ প্রদান করা হ'ল।
২। অফিস কপি।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.lddp.portal.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.৯৯.০৭১.২৩.৬৫২৮ তারিখ ঃ ০৫/০৯/২০২৩ খ্রিঃ

প্রাপক ঃ পরিচালক
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল)

বিষয়ঃ উপজেলা পর্যায়ে সরবরাহকৃত মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (এমভিসি) এর GPS Tracker, User ID & Password বিতরণ প্রসঙ্গে।

সূত্র ঃ প্রাণিসম্পদ অধিদপ্তর, এর পত্র নং -৩৩.০১.০০০০.৭০০.১৪.০১৫.১৮.৪২০; তারিখ- ১৭/০৫/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত পত্র মোতাবেক মহাপরিচলক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর নির্দেশনার আলোকে এলডিডিপি প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে ব্যবহৃত ৩৬০ টি এমভিসিতে GPS Tracker সংযোজন সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে GPS Tracker সংযোজনকারী প্রতিষ্ঠান গ্রামীণফোন এর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায় ব্যবহৃত প্রতিটি (এমভিসি) এর জন্য গ্রামীণফোন কর্তৃপক্ষ পৃথক পৃথক User ID & Password প্রকল্প দপ্তরে প্রেরণ করেছেন। যার মাধ্যমে এমভিসি ব্যবহারকারী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগন প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংযোজন এবং নিয়ন্ত্রণাধীন গাড়ি সমূহ অধিক্ষেত্রে যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য মনিটরিং করতে পারবেন।

এমতাবস্থায়, গ্রামীণফোন কর্তৃপক্ষের GPS Tracker এর জন্য উপজেলাওয়ারী User ID & Password (গোপনীয়) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাদের বিতরণের অনুরোধ করা হ'ল।

০৫/০৯/২০২৩
(মো. আব্দুর রহিম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন- ০২-৫৮১৫৪৯১৩
ই-মেইল- lddp@dls.gov.bd

স্মারক নং : ৩৩.০১.০০০০.৮২৮.৯৯.০৭১.২৩-৬৫২৮ তারিখ : ০৫/০৯/২০২৩ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২. পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
৩. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট) বিভাগীয় কর্মকর্তার নির্দেশনার আলোকে User ID & Password (গোপনীয়) সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাদের সরবরাহের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ।
৪. প্রধান বাণিজ্যিক কর্মকর্তা, বিজনেস বিভাগ, গ্রামীনফোন লিমিটেড।
৫. হিসাব শাখা।
৬. অফিস কপি।

(মো. আব্দুর রহিম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

CamScanner